অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/16/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক সিটি পাবলিক হাউজিং প্রিজার্ভেশন ট্রাস্ট তৈরি বিধিমালায় স্বাক্ষর করলেন

বিধিমালা S.9409-A/A.7805-D NYCHA অ্যাপার্টমেন্ট ভবনসমূহে অতি প্রয়োজনীয় ক্যাপিটাল প্রকল্পসমূহের অর্থায়নে সাহায্য করতে পাবলিক বেনিফিট কর্পোরেশন গঠন করে

আইনটি বাসিন্দাদের অধিকার সুরক্ষিত রেখে অ্যাপার্টমেন্টসমূহের উন্নয়ন করবে

বিলটিতে স্বাক্ষর করা হলো 2023 অর্থবছরের বাজেটে গভর্নরের ঐতিহাসিক 25 বিলিয়ন মার্কিন ডলারের আবাসন পরিকল্পনা ঘোষণার অনুবর্তী

গভর্নর ক্যাথি হোকল আজকে নতুন বিধিমালা S.9409-A/A.7805-D স্বাক্ষর করলেন যা নিউ ইয়র্ক সিটি পাবলিক হাউজিং প্রিজার্ভেশন ট্রাস্ট (New York City Public Housing Preservation Trust) স্থাপন করে এবং নিউ ইয়র্ক সিটির আবাসন কর্তৃপক্ষের (New York City Housing Authority, NYCHA) নিয়ন্ত্রণাধীনে থাকা 25,000 অ্যাপার্টমেন্টের দীর্ঘদিনের প্রয়োজনীয় মেরামত, পুনর্বাসন, এবং আধুনিকায়নের পথ সৃষ্টি করে দিবে। গভর্নর হোকল নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস, অ্যাসেম্বলি সদস্য স্টিভেন সিমব্রোউইচ, এবং সিনেটর জুলিয়া সালাজারের সাথে আজকে বিলগুলিতে স্বাক্ষর করেন।

"আজকে NYCHA-কে বাসা বলা সকল নিউ ইয়র্কবাসী একটি বড় বিজয় পেলো," **গভর্নর হোকল বলেন।** "বিধিমালাটি অতিরিক্ত ফেডারেল তহবিলের পথ খুলে দিবে এবং এর ফলে কয়েক দশক ধরে ফেডারেল কোনও বিনিয়োগ না পাওয়ার পর, বিলিয়ন বিলিয়ন ডলারের সংস্কার কাজ হবে, এবং এটি পুরো শহরে NYCHA ডেভেলপমেন্টসের 25,000 অ্যাপার্টমেন্টে অতি দরকারি উন্নয়নকাজ করবে। আমি অ্যাসেম্বলি সদস্য সিমব্রোউইচ এবং সিনেটর সালাজারকে ধন্যবাদ জানাচ্ছি এই বিলটি স্পন্সর করার জন্য এবং NYCHA নেতৃবৃন্দকে এর পক্ষে কাজ করার জন্য ধন্যবাদ জানাচ্ছি। একত্রে অংশীদারিত্ব করে আমরা একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছি, যাতে বাসিন্দাদের জন্য তাদের প্রাপ্য নিরাপদ, বাসযোগ্য, এবং মানসম্পন্ন সাশ্রয়ী আবাসন নিশ্চিত করতে পারি।"

"আমি নিউ ইয়র্ক সিটি পাবলিক হাউজিং প্রিজার্ভেশন ট্রাস্ট গঠনের প্রশংসা করছি, এটি এমন একটি সময়ে মানসম্পন্ন, সাশ্রয়ী আবাসন উপলভ্য করবে যখন অনেক বেশি পরিবার মৌলিক চাহিদা পূরণে সংগ্রাম করছে," **লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো বলেন।** "নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীনে থাকা বিদ্যমান অ্যাপার্টমেন্ট আধুনিকায়নের মাধ্যমে এবং প্রয়োজনীয় মেরামত করার মাধ্যমে, আমরা আবাসন অনিরাপত্তায় থাকা নিউ ইয়র্কবাসীকে সঙ্কেত দিচ্ছি যে তারাও গুরুত্বপূর্ণ এবং আমরা তাদেরকে আর এতো খারাপ পরিস্থিতিতে বাস করতে দিবো না।"

অ্যাসেম্বলি সদস্য স্টিভেন সিমব্রোউইচ বলেন, "যেহেতু কয়েক দশক ধরে ফেডারেল তহবিল আসতে ব্যর্থ হয়েছে, তাই অনেক বেশি অতি জরুরি মেরামত কাজ সম্ভব হয়নি এবং NYCHA বাসিন্দাদের তার ফল ভোগ করতে হচ্ছে, NYCHA ট্রাস্টটি পাবলিক হাউজিংকে ঢেলে সাজানোর একটি জীবনে একবার পাওয়া যায় এমন সুযোগ সৃষ্টি করছে। ট্রাস্টের বিধিমালাকে সম্ভব করতে অত্যন্ত কঠিন প্রচেষ্টার প্রয়োজন হয়েছে যেখানে অনেক মানুষের সমবেত হয়ে কাজ করেছে, যেমন আবাসন অ্যাডভোকেটগণ, NYCHA, শহর ও স্টেটের সরকার, এবং তারা সকলেই যারা কখনো লক্ষ্য বা NYCHA বাসিন্দাদের জীবন উন্নত করার এই মিলিত মিশন ভুলে যাননি।"

স্টেট সিনেটর জুলিয়া সালাজার বলেন, "বয়িষ্ণু NYCHA ডেভেলপমেন্টসের অতি প্রয়োজনীয় মেরামত কাজের ব্যাপারে বিধায়কদের গুরুতর পদক্ষেপ নেওয়ার জন্য আমাদের ব্রুকলিন জেলার দুই ডজন NYCHA ডেভেলপমেন্টসের এবং পুরো নিউ ইয়র্ক সিটির পাবলিক হাউজিংয়ের বাসিন্দারা কয়েক দশক অপেক্ষা করতে বাধ্য হয়েছে। এই প্রক্রিয়ায় এর পূর্বে ভাড়াটিয়াদের কোনও মত প্রকাশের সুযোগ ছিলো না। পাবলিক হাউজিং প্রিজার্ভেশন ট্রাস্ট গঠনের মাধ্যমে, এই বিলটি NYCHA-কে বেসরকারিকরণ ছাড়াই NYCHA ডেভেলপমেন্টসের পরিস্থিতি উন্নত করার জন্য প্রয়োজনীয় ফেডারেল তহবিল ও অতিরিক্ত অর্থায়ন নিশ্চিত করতে দিবে। এছাড়াও, এটি তাদের নিজ নিজ ডেভেলপমেন্টসের ব্যাপারে এবং তাদের ভবন ব্যবস্থাপনার ব্যাপারে একত্রে সিদ্ধান্ত নেওয়ার জন্য NYCHA বাসিন্দাদের ক্ষমতা লাভকে চিহ্নিত করে। বিধিমালা এছাড়াও NYCHA-র ইউনিয়নকৃত কর্মীবাহিনীর সকল সামগ্রিক দর করার অধিকার রক্ষা করে যা অতি গুরুত্বপূর্ণ এবং আরো উচ্চ মানের ইউনিয়ন চাকরি সৃষ্টি করবে। আমি গভর্নর হোকলকে আজকে এই বিলে স্বাক্ষর করার জন্য ধন্যবাদ জানাচ্ছি যেহেতু এটি আমাদের শহরের পাবলিক হাউজিং বাসিন্দাদের প্রতি একটি চলমান প্রতিশ্রুতিকে অগ্রসর করার জন্য একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ।"

নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন, "অনেক বেশি সময় ধরে আমরা NYCHA-তে প্রয়োজনের কম বিনিয়োগ পেয়েছি, যার ফলে বয়িষ্ণু অবকাঠামো এবং ইউটিলিটিসমূহকে মেরামত করা যায়নি, কিন্তু এই আইনটি দিয়ে আমরা নিশ্চিত করবো যে NYCHA বাসিন্দাদের কাছে এখন তাদের প্রাপ্য নিরাপদ, উচ্চমানের, সাশ্রয়ী বাসা উপলভ্য থাকবে। দীর্ঘদিন ধরে শুধু প্রতিশ্রুতি করা হয়েছে কিন্তু তা পূরণ করা হয়নি, আজকে আমরা সেই প্রতিশ্রুতি পূরণ করছি। আমি NYCHA বাসিন্দা, গভর্নর হোকল, শ্রমিক ও অ্যাডভোকেসিতে আমাদের অংশীদারগণ, এবং অ্যালবানিতে আমাদের সকল অংশীদারগণকে নিউ ইয়র্কবাসীদের জন্য 'কাজ সম্পন্ন করুন (Get Stuff Done)' এর জন্য লড়াই করার জন্য ধন্যবাদ জানাতে চাই। "

নতুন এই আইন দ্বারা কর্তৃপক্ষ ট্রাস্টটিকে একটি বন্ড ইস্যু করতে সক্ষম এবং সার্বিক ভবন সংস্কার ও উন্নয়নের জন্য মূলধন সংগ্রহ করতে সক্ষম একটি পাবলিক বেনিফিট কর্পোরেশন হিসেবে গঠন করে এর ভবনগুলিকে স্থিতিশীল করতে বিলিয়ন বিলিয়ন মার্কিন ডলার মূলধন বিনিয়োগ করার ক্ষমতা লাভ করবে।

যার ফলে, মৌলিক পরিবেশ সংক্রান্ত স্বাস্থ্য ও নিরাপত্তা সমস্যা, যেমন সীসার ছাঁচ, হিটিং, এলিভেটর, পোকামাকড়, এবং অন্যান্য সিস্টেমের কাজ, অ্যাপার্টমেন্ট পুনর্বাসন ও মাটির উন্নয়ন ইত্যাদির জন্য আরো বেশি তহবিল পাওয়া যাবে এবং এইসব কাজ আরো দ্রুত শেষ হবে।

এই পরিকল্পনার অধীনে, সর্ববৃহৎ পাবলিক হাউজিং ব্যবস্থা তত্ত্বাবধান করা NYCHA এখন গতানুগতিক সেকশন 9 পাবলিক হাউজিংয়ের থেকেই প্রতি ইউনিটে বেশি ভর্তুকি পাওয়া ফেডারেল ভাড়াটিয়া সুরক্ষা ভাউচার (Tenant Protection Vouchers) ব্যবহার করে প্রতি বছর নতুন সমর্থন হিসেবে কয়েক শ মিলিয়ন মার্কিন ডলার নিতে পারবে। অতিরিক্ত এই ভর্তুকির ফলে NYCHA অত্যাবশ্যকীয় ক্যাপিটাল উন্নয়নের বৃদ্ধির জন্য ঋণ বৃদ্ধি করতে পারবে।

গুরুত্বপূর্ণ ভাবে, ট্রাস্টটি নিশ্চয়তা দিবে যাতে বাসগুলি স্থায়ীভাবে সাশ্রয়ী রাখা হয় এবং একইসাথে যাতে বাসিন্দাদের বর্তমান সকল অধিকার ও সুরক্ষা সংরক্ষণ করা হয়, যেমন:

- বাসিন্দারা উপার্জনের মাত্র 30 শতাংশ বাড়িভাড়া দিবে;
- বাসিন্দাদের সকল বর্তমান উত্তরাধিকার অধিকার বজায় থাকবে;
- অ্যাপার্টমেন্ট নিম্ন-আয়ের বাসিন্দাদের জন্য সংরক্ষিতই থাকবে; এবং
- NYCHA অপেক্ষমাণ তালিকা ব্যবহার করেই অ্যাপার্টমেন্টের শূন্যস্থান পূরণ করা হবে।

পাশাপাশি, বাসিন্দাদের কাছে ভোট দেওয়ার এবং ট্রাস্টে অংশগ্রহণ করতে চায় কিনা সেই সিদ্ধান্ত নেওয়ার অধিকার থাকবে। এছাড়াও তাদের ডেভেলপমেন্টসে কোন বিক্রেতাকে সংস্কার কাজ সম্পূর্ণ করার জন্য বাছাই করা হবে তা নির্ধারণ করতে বাসিন্দারা একটি সক্রিয় ভূমিকা পালন করবে।

আজকের বিলটি আবাসনকে আরো সাশ্রয়ী, ন্যায্য, এবং স্থিতিশীল করতে গভর্নর হোকলের সুদূরপ্রসারী পরিকল্পনাসমূহের একটি অতি গুরুত্বপূর্ণ অংশ। গভর্নর হোকল তার স্টেট অফ দ্য স্টেট (State of the State) ভাষণে একটি 25 বিলিয়ন মার্কিন ডলারের, পাঁচ বছর মেয়াদি আবাসন পরিকল্পনা (Housing Plan) ঘোষণা করেছেন, যা পরবর্তীতে 2023 অর্থবছরের প্রণীত বাজেটে (Enacted Budget) পাশ করা হয়, এটি নিউ ইয়র্কজুড়ে শহুরে ও গ্রামীণ এলাকায় 100,000 সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করবে এবং যার মধ্যে সমর্থক সেবাসহ 10,000টি থাকবে। এছাড়াও গভর্নর সম্প্রতি স্বল্প ব্যবহৃত হোটেলের জায়গাকে স্থায়ী আবাসনে রূপান্তর করার নিয়ম আরো শিথিল করে একটি আইনে স্বাক্ষর করেছেন।

হোমস এবং কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "অনেক বছর ধরে, NYCHA ভবনগুলোর বাসিন্দারা আরো

নিরাপদ, স্বাস্থ্যকর এবং আধুনিক অ্যাপার্টমেন্টের দাবি করছে। গভর্নর হোকল, আইনসভা, এবং সিটির কর্মকর্তাদের নেতৃত্ব ও ভিশনের কল্যাণে, হাউজিং প্রিজার্ভেশন ট্রাস্টটি NYCHA-র জন্য এর ভবনগুলিকে রূপান্তর করার জন্য এবং নিউ ইয়র্কবাসীদের মানসম্পন্ন সাশ্রয়ী আবাসন প্রদানের জন্য প্রয়োজনীয় সংস্থান বিনিয়োগ করতে পথ তৈরি করে দিবে।"

নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের প্রধান ও প্রধান নির্বাহী কর্মকর্তা গ্রেগ রাস বলেন, "নিউ ইয়র্ক সিটি ও পুরো দেশের পাবলিক হাউজিং ইতিহাসে এটি একটি স্মরণীয় দিন। পাবলিক হাউজিং প্রিজার্ভেশন ট্রাস্ট বিধিমালাকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ। ট্রাস্টটি NYCHA-কে এর ভবনে বিনিয়োগ করার জন্য এবং বাসিন্দাদের তাদের বাসার ভবিষ্যৎ সম্পর্কে সত্যিকারের মতামত দেওয়ার ক্ষমতা প্রদানের জন্য বিলিয়ন বিলিয়ন মার্কিন ডলার সংগ্রহ করার ক্ষমতা প্রদান করে। গভর্নর হোকল, NYCHA বাসিন্দা, বিল স্পন্সরকারী অ্যাসেম্বলি সদস্য স্টিভেন সিমব্রোউইচ ও স্টেট সিনেটর জুলিয়া সালাজার, নিউ ইয়র্ক স্টেট আইনসভা, মেয়র এরিক অ্যাডামস, কমিউনিটি নেতৃবৃন্দ এবং অ্যাডভোকেসি অংশীদারদের সাথে নিয়ে এই ভিশন ও স্থির অবস্থা বিঘ্নিত করে কয়েক দশকের বিনিয়োগহীনতা শেষ করার প্রয়োজনীয় সাহস নিয়ে নেতৃত্ব দিয়ে গেছেন এবং প্রথমবারের মতো বাস্তব ও স্থায়ী সমাধান আনতে পেরেছেন যা নিউ ইয়র্ক সিটির পাবলিক হাউজিং বাসিন্দাদের জীবনযাত্রার মান বদলে দিবে।"

নিউ ইয়র্ক সিটির প্রধান আবাসন কর্মকর্তা জেমস ক্যাটজ বলেন, "এটি NYCHA-র বাসিন্দা এবং পুরো নিউ ইয়র্ক সিটির জন্য একটি দুর্দান্ত মুহূর্ত। ট্রাস্টটির মাধ্যমে, NYCHA বাসিন্দারাই শুধু তাদের বাসার ভবিষ্যৎ নিয়ে সিদ্ধান্ত নিতে পারবে, অবশেষে তাদের কাছে বিকল্প এবং তাদের বাসা কীভাবে সংরক্ষিত হবে সেই কথোপকথন চালিত করার ক্ষমতা রয়েছে," বলেন নিউ ইয়র্ক সিটির প্রধান আবাসন কর্মকর্তা জেমস ক্যাটজ। NYCHA প্রিজার্ভেশন ট্রাস্টটি আমাদেরকে এটি নিশ্চিত করতে দিবে যে এই বাসগুলি যাতে ভবিষ্যতে দীর্ঘদিন টিকে থাকে এবং একইসাথে হাজার হাজার নিউ ইয়র্কবাসীর জন্য সর্বদা সাশ্রয়ী থাকে। ধন্যবাদ গভর্নর হোকল, মেয়র অ্যাডামস, সিনেটর সালাজার, অ্যাসেম্বলি সদস্য সিমব্রোউইচ এবং, সবথেকে গুরুত্বপূর্ণ, NYCHA বাসিন্দারা যারা নিজেদের, নিজেদের পরিবারের এবং নিজেদের সম্প্রদায়ের জন্য নিউ ইয়র্ক সিটির পাবলিক হাউজিং সংরক্ষণের পক্ষে কথা বলেছে।"

গ্রেটার নিউ ইয়র্কের ভবন ও নির্মাণ বাণিজ্য পরিষদের (Building and Construction Trades Council of Greater New York) প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন, "NYCHA পাবলিক হাউজিং প্রিজার্ভেশন ট্রাস্ট NYCHA আবাসগুলির জন্য অতি গুরুত্বপূর্ণ এবং অধিক বিলম্বিত বিনিয়োগ নিয়ে আসবে, যা গুরুতরভাবে প্রয়োজনীয় উন্নত আবাসন অবস্থা এবং হাজার হাজার নতুন মধ্যবিত্ত ভাতাসহ ক্যারিয়ার তৈরির মাধ্যমে অগণিত পরিশ্রমী নিউ ইয়র্কবাসীর জীবনযাত্রার মান উন্নত করবে। আমরা এই অতি গুরুত্বপূর্ণ উদ্যোগের ক্ষেত্রে তাদের সমর্থনের জন্য গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামসের প্রশংসা করছি যা আমাদের শহরের মধ্যবিত্তের বিকাশ করবে এবং সকল NYCHA বাসিন্দা যাতে মর্যাদা, নিরাপত্তা, ও আরামে থাকতে পারে তা নিশ্চিত করতে সাহায্য করবে।"

লিগ্যাল এইড সোসাইটির সিভিল প্র্যাকটিসের (Legal Aid Society Chief Attorney of the Civil Practice) প্রধান অ্যাটর্নি বলেন, "কলমের একটি আঁচড়ে গভর্নর হোকল আমাদের ক্লায়েন্ট ও পাবলিক হাউজিংয়ের বাসিন্দাদের ক্ষমতা প্রদান করেছেন, তাদের NYC পাবলিক হাউজিং প্রিজার্ভেশন ট্রাস্টের অধীনে নিজেদের ভবিষ্যতের ব্যাপারে সিদ্ধান্ত নিতে সুযোগ দিয়েছেন। এই গুরুত্বপূর্ণ সময়ে যখন NYCHA-র পাবলিক হাউজিংয়ের ক্যাপিটাল চাহিদা পূরণ হচ্ছে না এবং অতিরিক্ত ফেডারেল তহবিলের কোনও বর্তমান আশা নেই, তখন এই আইনটি NYCHA-র জন্য তহবিল পাওয়ার একটি সুযোগ সৃষ্টি করবে যাতে তারা মেরামত করতে পারে এবং বাসিন্দারা যাতে সক্রিয়ভাবে বাছাই করতে পারে যে নিজেদের আবাসন সংরক্ষণ করার জন্য তারা ট্রাস্ট ব্যবহার করতে চায় কিনা। আমরা এই বিলটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি, এবং তাদের নেতৃত্ব ও অ্যাডভোকেসির জন্য বিল স্পন্সর সিনেটর জুলিয়া সালাজার ও অ্যাসেম্বলি সদস্য স্টিভেন সিমব্রোউইচকে ধন্যবাদ।"

এন্টারপ্রাইজ কমিউনিটি পার্টনার্সের (Enterprise Community Partners) ভাইস প্রেসিডেন্ট এবং নিউ ইয়র্ক বাজার নেতা বাবা হাম বলেন, "আমরা NYCHA, সিটি, এবং স্টেটের সাথে নিউ ইয়র্ক সিটি পাবলিক হাউজিং প্রিজার্ভেশন ট্রাস্ট গঠনের উদযাপনে যোগ দিচ্ছি। NYCHA-র বাসিন্দাদের নিরাপদ, স্বাস্থ্যকর, উচ্চমানের আবাসনের এবং বাস্তবে এর অর্থ কী তা নির্ধারণে একটি ভিত্তিমূলক ভূমিকা রাখার অধিকার রয়েছে। ট্রাস্টটি যেই নতুন অর্থায়ন সম্ভব করবে তার অর্থ হলো যে NYCHA এর জমে থাকা ক্যাপিটাল মেরামত করতে পারবে এবং এর বাসিন্দাদের জন্য অতি প্রয়োজনীয় উন্নয়ন করতে পারবে। আমরা স্টেটের আইনসভা এবং গভর্নরকে ধন্যবাদ জানাচ্ছি এই অতি গুরুত্বপূর্ণ বিধিমালা প্রণয়নের জন্য, এবং আমরা NYCHA এবং এর বাসিন্দাদের সাথে আমাদের অংশীদারিত্ব অব্যাহত রাখতে উন্মুখ যাতে নিউ ইয়র্ক সিটিতে প্রাণবন্ত পাবলিক হাউজিং সম্প্রদায় ধারণ করতে পারি।"

কমিউনিটি সার্ভিস সোসাইটির (Community Service Society) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডেভিড আর. জোন্স বলেন, "প্রিজার্ভেশন ট্রাস্টটি NYCHA এবং এর বাসিন্দা উভয়ের জন্য একটি বিজয়। এটি একটি সংরক্ষণ কৌশল যা আমাদের পাবলিক হাউজিংকে পাবলিক রাখবে, এবং আরো সমৃদ্ধ ফেডারেল তহবিল আনবে যার পক্ষে সকল ডেভেলপমেন্টে পৌঁছে যাওয়া সম্ভব এবং বিশেষ ফেডারেল বিধিমালা ছাড়াই NYCHA-র 40 বিলিয়ন মার্কিন ডলার পিছিয়ে পড়া ক্যাপিটালের সম্পূর্ণ অংশ সমাধান করা সম্ভব। সবথেকে গুরুত্বপূর্ণ এই যে, প্রথমবারের মতো এটি NYCHA বাসিন্দাদের ক্ষমতা প্রদান করে তারা কীভাবে নিজেদের সম্প্রদায়কে ভালো পরিস্থিতিতে ফেরত নিতে চায় বা আদৌ চায় কিনা।"

টিমস্টার্স লোকাল 237 (Teamsters Local 237) এবং ইন্টারন্যাশনাল ব্রাদারহুড অফ টিমস্টার্সের (International Brotherhood of Teamsters) সাধারণ নির্বাহী বোর্ডের বাস প্রেসিডেন্ট অ্যাট-লার্জ গ্রেগ ফ্লয়েড বলেন,
"নিউ ইয়র্ক সিটির পাবলিক হাউজিংকে এক সময় নাগরিক দায়িত্বের একটি জাতীয় প্রদর্শনী হিসেবে বিবেচনা করা হতো যা অগণিত পরিবারকে স্থিতিশীলতা এবং মর্যাদা প্রদান করতো। কিন্তু সেটি প্রায় 40 বছর আগের কথা, এবং এই বছরগুলিতে পর্যাপ্ত তহবিল ও অন্যান্য সংস্থানের অভাবে সেই একই ভবনগুলি শহুরে ক্ষয় এবং অন্য প্রজন্মের নিউ ইয়র্কবাসীর জন্য হতাশার প্রতীক হয়ে উঠেছে। আজকে, ট্রাস্ট গঠন ও পাবলিক হাউজিং সমস্যার অনন্য পরিকল্পনা শুরু

করার মাধ্যমে, NYCHA এখানে যারা বাস করে ও কাজ করে তাদের জন্য গর্বের স্থান হিসেবে ফেরত আসার পথে পদার্পণ করলো। আমি গভর্নর হোকল, মেয়র অ্যাডামস, স্টেটের বিধায়ক, এবং NYCHA প্রধান ও প্রধান নির্বাহী কর্মকর্তা গ্রেগ রাসকে নিউ ইয়র্ক সিটির পাবলিক হাউজিংকে যাতে শুধু প্রাচীন, অতীতের নিদর্শন হিসেবে না দেখে স্থিতিস্থাপক এবং পুনর্জীবিত নির্মাণ যা আগামী অনেক প্রজন্মের জন্য টিকে থাকবে তা নিশ্চিত করতে সাহায্য করার জন্য তাদের কঠোর পরিশ্রম এবং সঙ্কল্পের জন্য ধন্যবাদ জানাতে চাই।"

গ্রেটার নিউ ইয়র্ক ম্যাসন টেন্ডার্স জেলা পরিষদের (Mason Tenders District Council of Greater New York) ব্যবসা ব্যবস্থাপক মাইকেল হেলস্টর্ম বলেন, "ম্যাসন টেন্ডার্স জেলা পরিষদের 17,000 পরিশ্রমী সদস্যের পক্ষে, আজকে NYCHA প্রিজার্ভেশন ট্রাস্ট বিলটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ। বিধিমালাটি ঐতিহাসিক কারণ এটি শুধু পাবলিক হাউজিং বাসিন্দাদের জন্য দীর্ঘদিনের বিলম্বিত মেরামত কাজ করে না, বরং এটিও নিশ্চিত করে যে ইউনিয়নভুক্ত নির্মাণ কর্মীরা এই মেরামত কাজ করবে। একটি বিলে একটি প্রকল্পের শ্রমিক চুক্তি এবং নিয়ন্ত্রক বেতন আবশ্যিকতা অন্তর্ভুক্ত করা সেটিকে ভাড়াটিয়াদের আরো প্রভাবিত করে কারণ এটি নিশ্চিত করে যে তারা একটি দক্ষ ও প্রশিক্ষিত কর্মীবাহিনী থেকে সর্বোচ্চ মানের মেরামত কাজ পাবে। ধন্যবাদ, অ্যাসেম্বলি সদস্য স্টিভেন সিমব্রোউইচ, সিনেটর জুলিয়া সালাজার, NYCHA, এবং গভর্নর ক্যাথি হোকল, এই অতি গুরুত্বপূর্ণ আবাসন ও শ্রমিক পলিসির ব্যাপারে আপনাদের নেতৃত্বের জন্য।"

লেবারার্স লোকাল 79-র (Laborers Local 79) ব্যবসা ব্যবস্থাপক মাইকেল প্রোহাস্কা বলেন, "লোকাল 79 আজকের ঐতিহাসিক NYCHA প্রিজার্ভেশন ট্রাস্ট বিল স্বাক্ষরে গভর্নর হোকলের সাথে যোগ দিতে পেরে গর্বিত। এই বিধিমালা শুধু পাবলিক হাউজিংয়ের অধিক বিলম্বিত মেরামত কাজে বিলিয়ন বিলিয়ন মার্কিন ডলার যোগ করবে না, বরং সেই প্রক্রিয়ায় নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের জন্য হাজার হাজার ইউনিয়ন, নিয়ন্ত্রক বেতনের চাকরি সৃষ্টি করবে। ধন্যবাদ, অ্যাসেম্বলি সদস্য স্টিভেন সিমব্রোউইচ, সিনেটর জুলিয়া, সালাজার, NYCHA, এবং গভর্নর ক্যাথি হোকলকে, অত্যাবশ্যকীয় এই ব্যাপারে আপনাদের নেতৃত্বের জন্য এবং পলিসিতে শ্রমিক মানদণ্ড অন্তর্ভুক্ত করার গুরুত্ব বোঝার জন্য।"

নিউ ইয়র্ক হাউজিং কনফারেন্সের (New York Housing Conference) নির্বাহী পরিচালক র‍্যাচেল ফি বলেন, "পাবলিক হাউজিং প্রিজার্ভেশন ট্রাস্টের প্রণয়ন NYCHA-কে সম্পূর্ণ পুনরুজ্জীবনের পথে স্থাপন করে, এবং বাসিন্দাদের জন্য তাদের দীর্ঘদিনের বিলম্বিত মেরামতের কাজ এখন শুরু করার ক্ষমতা দান করে। ট্রাস্টটি সার্বিক অর্থায়ন সমাধান নিয়ে আসবে যা পাঁচটি বরোর বাসিন্দাদের জন্য দীর্ঘমেয়াদি সুবিধা আনবে এবং তাদের জীবনে উত্তম পরিবর্তন নিয়ে আসবে। আমরা বাসিন্দাদের সিদ্ধান্ত গ্রহণের নতুন পরিকল্পনা এবং এই গুরুত্বপূর্ণ বিলটি পাশ করার জন্য শহর ও স্টেটের গৃহীত সহযোগিতামূলক পন্থা দ্বারা অনুপ্রাণিত হয়েছি। আমরা বুঝি যে নতুন মডেলটি বাস্তবায়ন করার জন্য কঠোর পরিশ্রম ও সময় প্রয়োজন এবং আমরা শহর, অ্যাডভোকেট, এবং স্টেকহোল্ডারদের সাথে কাজ করে ট্রাস্টটির সফলতা নিশ্চিত করার জন্য উন্মুখ।"

পোলো গ্রাউন্ডস টেনেন্টসের (Polo Grounds Tenants) অ্যাসোসিয়েট প্রেসিডেন্ট সেরেনা চ্যান্ডলার বলেন, "আমি পোলো গ্রাউন্ডসে 25 বছর ধরে বাস করছি। কেউ কেউ এখানে প্রথম দিন থেকেই আছে, এগুলি শুধু ভাড়া নেওয়া অ্যাপার্টমেন্ট নয়, এগুলি আমাদের চিরদিনের বাসা। যদিও পরিস্থিতি কিছু সময়ের জন্য অনেক খারাপ হয়ে গেছে, কিন্তু বদলের সময় এসেছে। পাবলিক হাউজিং প্রিজার্ভেশন ট্রাস্টের অধীনে, আমরা অবশেষে অতি প্রয়োজনীয় উন্নয়ন দেখতে পারছি, এবং আমাদের বাসার ভেতরে মেরামত হচ্ছে, এবং এই সুরক্ষা বহাল থাকার ফলে আমরা এমন একটি পাবলিক হাউজিং লেগেসির সম্ভাবনা দেখছি যা আরেকবার, আগামী অনেক প্রজন্মের জন্য NYCHA-ব্যাপী আমাদের ক্যাম্পাসগুলিতে গর্ব ও সম্মান নিয়ে আসবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন